**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 17-03-2026** **Desk in Charge: SDG**

**Time: 7-35 AM** **Compiling: DSS**

**DEO: KB** **NRT: DSS**

বিশেষ বিশেষ খবর –

১/পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে, রাজ্যের প্রত্যেকটি থানাকে তাদের আওতাধীন এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে ১৯শে মার্চের মধ্যে রিপোর্ট তলব, নির্বাচন কমিশনের। #ভোটে নজরদারি আরো কড়া করতে, একশ শতাংশ বুথে ওয়েবকাস্টিং বাধ্যতামূলক হচ্ছে। এই প্রথম, নজরদারি চালানো হবে ড্রোনের সাহায্যে'ও ।

২/ নির্বাচন কমিশন নিযুক্ত পুলিশ পর্যবেক্ষকরা আজ রাজ্যে আসছেন।

৩/ বিধানসভা ভোটের জন্য প্রথম দফায় বিজেপি- ১৪৪ এবং বামফ্রন্ট ১৯২ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে।

৪/ প্রশাসনে রদবদল নিয়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির চিঠি, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে ।

৫/ কবি প্রসূন বন্দ্যোপাধ্যায়, 'শ্রেষ্ঠ কবিতা' বইটির জন্য ২০২৫ সালের সাহিত্য একাডেমি পুরস্কার পাচ্ছেন।

৬/ কলকাতা সহ দক্ষিণবঙ্গ এবং উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলায়, গতকাল দুপুরের পর থেকে ব্যাপক ঝড় বৃষ্টিতে তাপমাত্রার পারদ অনেকটাই নেমেছে।

*****************************************************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে নির্বাচন কমিশন এবার অভূতপূর্ব সিদ্ধান্ত নিয়েছে। রাজ্যের প্রতিটি থানাকে বৃহস্পতিবার **১৯শে মার্চের মধ্যে** নিজেদের এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত রিপোর্ট দিতে বলা হয়েছে। এলাকাভিত্তিক অস্ত্রের মজুত, চিহ্নিত সমাজবিরোধী এবং অপরাধ সংক্রান্ত তথ্য ওই রিপোর্টে জানাতে হবে। কমিশনের নির্দেশ, প্রতিটি থানার ভারপ্রাপ্ত আধিকারিককে নিশ্চিত করতে হবে যে সংশ্লিষ্ট এলাকা অপরাধমুক্ত, তা না হলে তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, থানা এলাকা অপরাধমুক্ত করতে আধা সামরিক বাহিনী সহ সমস্ত সহায়তা দেবে কমিশন। তারপরেও ওই এলাকায় ভোটে অশান্তির ঘটনা ঘটলে, সংশ্লিষ্ট থানার দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কমিশন স্পষ্ট জানিয়েছে, কেন্দ্রীয় বাহিনীর কোনও অপব্যবহার বরদাস্ত করা হবে না। তারা আইন অনুযায়ী কাজ করবে। বুথে কোনও গোলমাল হলে পরিস্থিতি সামাল দেওয়ার দায়িত্ব থাকবে কেন্দ্রীয় বাহিনীর উপরই। তাদের তরফে গাফিলতির কোন অভিযোগ প্রমাণিত হলে শাস্তি মূলক ব্যবস্থার মুখে পড়তে হবে।

উল্লেখ্য, আসন্ন বিধানসভা নির্বাচনে প্রতি দফায় নির্বাচন কমিশন, দুই থেকে আড়াই হাজার কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা করেছে।

**********************

ইতিমধ্যেই রাজ্যে দুই দফায় ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হয়েছে। তারা প্রতিটি বিধানসভা এলাকায় তল্লাশি অভিযান ও ভোটারদের আস্থা বর্ধনে কাজ শুরু করেছেন। কেন্দ্রীয় বাহিনীর ভূমিকা নিয়েও কমিশনের তরফে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সতর্ক করে দেওয়া হয়েছে।

মুখ্য নির্বাচনী আধিকারিক আরও জানিয়েছেন, এর আগে কয়েকবার কেন্দ্রীয় বাহিনীর অপব্যবহার এবং তাদের বিরুদ্ধে যথাযথভাবে কাজ না করার অভিযোগ উঠেছে। পূর্ববর্তী নির্বাচনগুলিতে এ’ধরনের অভিযোগে তদন্ত করার পরে দোষী আধিকারিকদের

বিরুদ্ধে ইতিমধ্যে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। এবারের ভোটের জন্য প্রশিক্ষণ কর্মসূচিতেই আধা সামরিক বাহিনীকে তাদের ভূমিকা সম্পর্কে সজাগ থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। কমিশনের নির্দেশ অনুযায়ী, ভোটগ্রহণের আগে প্রতিটি বুথে কেন্দ্রীয় বাহিনী পৌঁছে যাবে এবং বুথের নিরাপত্তার সম্পূর্ণ দায়িত্ব তাদের উপরই থাকবে। বুথের ভিতরে কোনও ধরনের ভয় দেখানো, জাল ভোট বা অনিয়মের চেষ্টা হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।

রাজ্যে ভোটদাতাদের অ্যাড্‌জুডিকেশন বা বিচারাধিন তালিকা যত তাড়াতাড়ি সম্ভব তৈরি করা হবে বলে মনোজ আগরওয়াল জানিয়েছেন।

( বাইট- মনোজ আগরওয়াল )

**ভোটে নজরদারি** আরও **কড়া** করতে নির্বাচন কমিশনের তরফে একগুচ্ছ পদক্ষেপের কথা জানানো হয়েছে। মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, এবার ভোটে প্রযুক্তি নির্ভর পর্যবেক্ষণের উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে।

**********************

এদিকে, একশ **শতাংশ** বুথে **ওয়েব কাস্টিং** বাধ্যতামূলক করা হচ্ছে। কোথাও ওয়েব কাস্টিং না হলে সেই বুথে পুনঃনির্বাচনের সম্ভাবনাও খতিয়ে দেখা হবে বলে বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত জানিয়েছেন।

( বাইট- সুব্রত গুপ্ত )

রাজ্যের নির্বাচনী ইতিহাসে এই প্রথম **ড্রোনের** সাহায্যেও নজরদারি চালানো হবে। বড় সমাবেশ বা স্পর্শকাতর এলাকায় এই ড্রোন মনিটরিং ব্যবস্থার সাহায্যে পরিস্থিতি পর্যবেক্ষণ করা হবে। নির্বাচনের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য সিইও দফতরে রাজ্য স্তরের একটি কন্ট্রোল সেন্টার তৈরি করা হয়েছে। পাশাপাশি প্রথমবার গঠন করা হয়েছে **'অবজারভার সেল'**। এই সেলের দায়িত্বে থাকবেন আইএএস অফিসাররা। তাঁদের কাজ হবে বিভিন্ন পর্যবেক্ষকের কাজকর্ম পর্যালোচনা করা।

কমিশন সূত্রে জানা গেছে, ভোটকে কেন্দ্র করে এখনও পর্যন্ত প্রায় **১১২** কোটি টাকার অবৈধ নগদ ও অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। **কালো টাকা উদ্ধারের** নিরিখে ইতিমধ্যেই **৫৫টি** বিধানসভা কেন্দ্রকে সংকটপ্রবণ বলে চিহ্নিত করা হয়েছে।

*********************

নির্বাচন কমিশন জানিয়েছে, রাজ্যের **২৯৪টি** বিধানসভা কেন্দ্রে একজন করে সাধারণ **পর্যবেক্ষক** থাকবেন। ২৮টি পুলিশ জেলা এবং ৬টি কমিশনারেটে দু'জন করে **পুলিশ পর্যবেক্ষক** নিয়োগ করা হবে। কমিশন নিযুক্ত পুলিশ পর্যবেক্ষকরা **আজ রাজ্যে** আসছেন। কলকাতায় অতিরিক্ত **পর্যবেক্ষক** রাখা হবে বলেও জানানো হয়েছে।

*********************

বিধানসভা নির্বাচনে বিজেপি, প্রথম দফায় **১৪৪** জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। দলের প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে জানান, কেন্দ্রীয় নেতৃত্বের সিদ্ধান্তে এই প্রার্থী তালিকা তৈরি হয়েছে।

উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগেরবারের বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম ছাড়াও এবার ভবানীপুর আসন থেকে'ও প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ খড়গপুর সদর ও স্বপন দাশগুপ্ত রাসবিহারী কেন্দ্র থেকে প্রার্থী হয়েছেন।

উল্লেখযোগ্য অন্য প্রার্থীদের মধ্যে আছেন- শিলিগুড়ি কেন্দ্রে পরিষদীয় দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ, বীরভূমের সিউড়ি বিধানসভা কেন্দ্র থেকে দলের রাজ্য সহ-সভাপতি জগন্নাথ চট্টোপাধ্যায়, নৈহাটি কেন্দ্রে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের পরিবারের সদস্য সুমিত্র চট্টোপাধ্যায়, হাওড়া শিবপুর কেন্দ্রে রুদ্রনীল ঘোষ ও বরানগর কেন্দ্রে কাউন্সিলার সজল ঘোষ।

*********************

বামফ্রন্ট, রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য প্রথম দফায় **১৯২** জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে এই তালিকা ঘোষণা করে বলেন, নির্বাচনে শরিক দলগুলি ছাড়াও, CPIM

(ML) লিবারেশন, ISF এবং বেশ কিছু নির্দল প্রার্থীও ফ্রন্টের সহযোগী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এই প্রার্থী তালিকায় আছেন ২৭ জন মহিলা।

উল্লেখযোগ্য প্রার্থীরা হলেন, যাদবপুর কেন্দ্রে বিকাশরঞ্জন ভট্টাচার্য, উত্তরপাড়ায় মীনাক্ষী মুখোপাধ্যায়, শিলিগুড়িতে প্রাক্তন মেয়র পারিষদ শরদিন্দু চক্রবর্তী, দমদম উত্তরে দীপ্সিতা ধর, কামারহাটিতে মানস মুখার্জী, বরানগরে সায়নদ্বীপ মিত্র, কসবায় দীপু দাস, মহেশতলায় সায়ন ব্যানার্জি প্রমুখ।

প্রথম দফায় প্রকাশিত তালিকায়, CPIM-এর ১৪০, ফরোয়ার্ড ব্লক ২১, RSP ১৩, CPI- ১৬ , মার্কসবাদী ফরোয়ার্ড ব্লক- ১ ও RCPI- ১ টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে।

এদিকে, রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে SUCI (কমিউনিস্ট) এককভাবে ২৩০টি কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করবে বলে দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য বলেছেন।

**********************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে CPI(M-L) লিবারেশন, ১০ টি কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছে। দলের রাজ্য সম্পাদক অভিজিৎ মজুমদার গতকাল একথা জানান। তিনি বলেন, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু ও CPI(M)-এর শীর্ষ নেতৃত্বের সঙ্গে আলোচনা-সহমতের ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**********************

রাজ্যে SIR প্রক্রিয়া সম্পন্ন করার আগেই নির্বাচন কমিশন ভোট ঘোষণা করায়, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন ISF ।
দলের বিধায়ক নওশাদ সিদ্দিকী গতকাল আদালতে এই আর্জি জানানোর পর সাংবাদিকদের বলেন, এখনো ৪৫ লক্ষের বেশি নামের অ্যাডজুডিকেশনের কাজ বাকি। সে কারণে ভোটের দিন পিছিয়ে দেওয়ার দাবী জানান তিনি।

( বাইট- নৌশাদ )

প্রতিদিন যাদের নাম ভোটার তালিকায় যুক্ত হচ্ছে এবং বাদ যাচ্ছে, কমিশনকে সেই তালিকা প্রকাশ করার’ও আর্জি জানান নওশাদ।

উল্লেখ্য, রাজ্যে দু’দফায় ভোট নেওয়া হবে আগামী ২৩ ও ২৯ শে এপ্রিল।

**********************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় "কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফর এবং ভারত কানাডা দ্বিপাক্ষিক সম্পর্ক"। এই নিয়ে কানাডা প্রবাসী ভারতীয় বিজ্ঞানী ডঃ সৈকত বসুর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আজ শুনবেন প্রথম পর্ব। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। দ্বিতীয় পর্ব শুনবেন আগামীকাল রাত সাড়ে নটায়।

**********************

প্রশাসনে রদবদল নিয়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি লিখেছেন। ওই চিঠিতে তিনি বলেছেন, বিধানসভা ভোটের দিন ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যে নির্বাচন কমিশন যেভাবে একতরফা সিদ্ধান্ত নিয়ে প্রশাসনের শীর্ষস্তরের আধিকারিকদের সরিয়ে দিয়েছে, তার কোনো যুক্তিসঙ্গত কারণ নেই। যাঁদের বদলী করা হয়েছে, তাঁদের বিরুদ্ধে নির্বাচন পরিচালনার ক্ষেত্রে বিধিভঙ্গ, খারাপ আচরণ বা গাফিলতির'ও কোন অভিযোগ ছিল না।

চিঠিতে মুখ্যমন্ত্রী এ'ও লিখেছেন, ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইন অনুযায়ী ভোট ঘোষণার পরে নির্বাচনের সঙ্গে যুক্ত আধিকারিকদের বদলি বা ইচ্ছামতো নিয়োগ করার ক্ষমতা কমিশনের রয়েছে। কিন্তু অতীতে দেখা গেছে, সাংবিধানিক শিষ্টাচার ও প্রশাসনিক রীতি মেনেই কমিশন রাজ্য সরকারের সঙ্গে আলোচনার ভিত্তিতে বদলীর নির্দেশ দিয়েছে। কিন্তু এবার কমিশন রাজ্যের থেকে তালিকা না চেয়ে, নিজেই স্থির করছে- কোন্ পদে কাকে নিয়োগ করা হবে। কমিশনের এই কাজ যুক্তরাষ্ট্রীয় নীতির পরিপন্থী বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ।

এর আগে কলকাতার ডোরিনা ক্রশিং-এ এক মিছিলে যোগ দিয়েও তিনি, রাতারাতি রাজ্যের আধিকারিকদের বদলীকে কটাক্ষ করে বলেন, সব বদল হলেও রাজ্যে সরকার বদল হবেনা।

( বাইট- মমতা/ বদলাবে না )

উল্লেখ্য, নির্বাচন কমিশন রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহানির্দেশক পদ থেকে পীযুষ পান্ডে এবং কলকাতা পুলিশ কমিশনারের পদ থেকে সুপ্রতিম সরকার সহ চার পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে। মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী ও স্বরাষ্ট্র সচিব জগিদীশ প্রসাদ মীনাকেও পদ থেকে সরিয়ে দেওয়া হয়।

দুষ্মন্ত নারিয়ালা নতুন মুখ্য সচিব এবং সংঘমিত্রা ঘোষ নতুন স্বরাষ্ট্র সচিব হয়েছেন।

**********************

বিজেপি,  শাসক দল ঘনিষ্ঠ প্রশাসনিক আধিকারিকদের নির্বাচনী প্রক্রিয়া থেকে দূরে রাখার দাবি জানিয়েছে। দলের প্রধান রাজ্য মুখপাত্র - সরকার , কলকাতায় গতকাল সাংবাদিকদের জানিয়েছেন,নির্বাচন কমিশন কোন আধিকারিককে দায়িত্বে রাখবেন অথবা কাকে সরিয়ে দেবেন সেটা পুরোপুরি কমিশনের সিদ্ধান্ত।

তবে একতরফাভাবে নির্বাচন পরিচালনা করা যাবে না, প্রশাসনের একাংশ যারা ২০১১ সাল থেকে প্রায় দেড় দশক ধরে শাসক দলের প্রথম শ্রেণীর কর্মী,  তাদের দায়িত্বে রাখা যাবেনা এবং নির্বাচনের প্রাক্কালে, নির্বাচনের সময় ও নির্বাচন পরবর্তী সময়ে কোন ধরনের সন্ত্রাস,অত্যাচার যাতে বরদাস্ত করা যাবে না বলেও শ্রী সরকার দাবি জানান।

( বাইট-দেবজিত )

**********************

সাহিত্য একাডেমি ২০২৫ সালের পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করেছে। বাংলায় কবি প্রসুন বন্দ্যোপাধ্যায়কে  তাঁর ‘শ্রেষ্ঠ কবিতা’ বইটির জন্য পুরস্কার দেওয়া হচ্ছে। সম্মান প্রাপ্তির খবর শোনার পর আকাশবাণীকে দেওয়া তাঁর প্রতিক্রিয়ায় শ্রী বন্দ্যোপাধ্যায় বলেন, এই বইতে তাঁর সৃষ্টির সেরা গুলিই সংকলিত হয়েছে, তাই প্রাথমিকভাবে সম্মান প্রাপ্তির খবরে অবাক হলেও জীবনে প্রথম এত বড় সম্মান প্রাপ্তিতে তিনি অভিভূত।

( বাইট- প্রসুন বন্দ্যোপাধ্যায়)

**********************

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায়, কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা এবং উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলাতেও, গতকাল দুপুরের পর থেকে ব্যাপক ঝড় বৃষ্টি হয়। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, রাত সোওয়া ন'টা নাগাদ সংলগ্ন এলাকায় ৭২ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যায়। আলিপুরে, আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় প্রায় ১৮ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। বৃষ্টির জেরে এক ধাক্কায় তাপমাত্রার পারদ'ও অনেকটা নেমেছে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৮ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা পাঁচ দশমিক দুই ডিগ্রি কম।

*********************************************************************